

তথ্য কমিশন বাংলাদেশ
এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭

কমিশন সভার কার্যবিবরণী:

সভাপতি : ডক্টর আবদুল মালেক
প্রধান তথ্য কমিশনার

সভার তারিখ : ২৬/০৫/২০২৪

সময়: বেলা ১১.০০টা

স্থান : কমিশনের সভাকক্ষ।

উপস্থিতি: পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় তথ্য কমিশনার জনাব শহীদুল আলম বিনুক ও তথ্য কমিশনার জনাব মাসুদা ভাট্টি এবং সচিব, তথ্য কমিশনসহ কমিশনের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ কে আহ্বান জানান। পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	তথ্য কমিশন বাংলাদেশ এর লোগো সংক্রান্ত	তথ্য কমিশন বাংলাদেশ এর বিদ্যমান লোগোতে নীচে শুধুমাত্র বাংলাতে “তথ্য কমিশন বাংলাদেশ” লেখা রয়েছে। এতে করে আন্তর্জাতিক পর্যায়ে চিঠিপত্র প্রেরণসহ কমিশনের পরিচিতির ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হচ্ছে বিধায়, তথ্য কমিশন বাংলাদেশ এর লোগোতে নীচের দিকে “Information Commission Bangladesh” এবং উপরের দিকে “তথ্য কমিশন বাংলাদেশ” লেখার বিষয়ে কমিশন একমত পোষণ করেন।	তথ্য কমিশন বাংলাদেশ এর লোগোতে নীচের দিকে “Information Commission Bangladesh” এবং উপরের দিকে “তথ্য কমিশন বাংলাদেশ” লিখতে হবে। ওয়েব সাইটসহ সকল ক্ষেত্রে বর্ণিত লোগো ব্যবহার করা হবে।	১। পরিচালক (প্রশাসন) ২। উপপরিচালক (প্রশাসন) ৩। সহকারী পরিচালক (প্রশাসন) ৪। সহকারী প্রোগ্রামার

০২। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মাসুদা ভাট্টি)
তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্বাক্ষরিত/-
(শহীদুল আলম বিনুক)
তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্বাক্ষরিত/-
(ডক্টর আবদুল মালেক)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.২৪. ১১১১

তারিখ: ২৭/০৫/২০২৪

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৩) উপপরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৪) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ৫) তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ৬) সহকারী পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৭) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার তথ্য কমিশন বাংলাদেশ।
- ৮) অফিস কপি।


২৭/০৫/২৪

(হেলাল আহমেদ)

সহকারী পরিচালক (প্রশাসন)

তথ্য কমিশন বাংলাদেশ